

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৯৪(আগরতলা ৭।১)
সোনামুড়া, ৭ জানুয়ারি, ২০২৪

ভবানীপুর গ্রাম পঞ্চায়েতে ভ্রাম্যমান প্রচার গাড়ি
প্রধানমন্ত্রী দেশের সার্বিক বিকাশে কাজ করছেন : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

বিকশিত ভারত সংকল্প যাত্রায় গতকাল কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি কাঁঠালিয়া ব্লকের ভবানীপুর গ্রাম পঞ্চায়েতে এসে পৌঁছায়। এ উপলক্ষে ভবানীপুর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। অনুষ্ঠানের উদ্বোধন করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, কেন্দ্রীয় প্রকল্প ও পরিষেবা সম্পর্কে জনসচেতনতা বাড়াতে বিকশিত ভারত সংকল্প যাত্রায় ভ্রাম্যমান প্রচার গাড়ি রাজ্যের গ্রামীণ এলাকাগুলি পরিক্রমা করছে। এই কর্মসূচিতে যারা এখনও কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের সুবিধা পাননি তাদের কাছে এ সমস্ত প্রকল্প ও পরিষেবার সুবিধা পৌঁছে দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের সার্বিক বিকাশে ও জনসাধারণের কল্যাণে কাজ করছেন। মহিলা, যুব সম্প্রদায়, কৃষক ও গরিব অংশের মানুষের কল্যাণে কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্প নিয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কাঁঠালিয়া ব্লকের বিডিও হোমারি ভট্টাচার্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সহকারি সভাপতি পিন্টু আইচ, কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুষ্প ভৌমিক দেবনাথ, ভবানীপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান রূপালী দেবনাথ, মহকুমা শাসক মানিকলাল দাস প্রমুখ।
